ADCTC

# A.D.COMPUTER TRAINING CENTER

An ISO 9001:2015 Certified Organization

Enrolled With Ministry of Micro, Small, and Medium Enterprises (MSME)

Reg. Address: 58, Anjangarh, Birati, Kolkata - 700051 (Nilachal Bazar),
Holding No: 105(136), North Dum Dum Municipality, Dist: 24 Pgs(N), W.B
Mobile : 9674060206 / 7903326708 | Website: www.adctcindia.com

## নিয়মাবলী

(১) সকল শিক্ষার্থীদের নির্দিষ্ট সময়ে ক্লাসে উপস্থিত থাকতে হবে। জরুরী প্রয়োজন ছাড়া অনুপস্থিত থাকা যাবে না। অনুপস্থিত থাকলে আগে থেকে জানিয়ে রাখা বাধ্যতামূলক। যদি কোনো ছাত্র / ছাত্রী ক্লাসে অনুপস্থিত থাকে তাহলে সেদিনের জন্য তাকে কোনো অতিরিক্ত ক্লাস দেওয়া হবে না। পরীক্ষার দিন কোনোভাবে অনুপস্থিত থাকা যাবে না।

(২) ক্লাস চলাকালীন কোনোরকম মোবাইল ফোন / ট্যাব / হেড-ফোন ব্যবহার এবং কম্পিউটারে গেম খেলা সম্পূর্ন ভাবে নিষিদ্ধ। মোবাইল সাথে থাকলে সেটি Off / Silent করে রাখতে হবে। অন্যথায় তাকে সেদিনের মতো আর ক্লাস করানো হবে না ও অভিভাবকদের জানানো হবে।

(৩) প্রতিটি ক্লাস নির্দিষ্ট সময় অনুযায়ী পরিচালিত হবে। যদি কোনো কারণে সময়ের পরিবর্তনের প্রয়োজন হয়, সেক্ষেত্রে কর্তৃপক্ষ আগে থেকে ছাত্র-ছাত্রীদের / অভিভাবকদের জানিয়ে দেবে।

(৪) মাসিক বেতন (Monthly Tuition Fees) অগ্রিম নেওয়া হয়। সকল অভিভাবকদের অনুরোধ করা হচ্ছে যে, তাঁরা যেন মাসের ১০ তারিখের মধ্যে সেই মাসের বেতন দিয়ে দেন (Fees খামে করে নিজের নাম ও ক্লাস লিখে জমা দিতে হবে) এবং সাথেসাথে Fees Card সেন্টার কর্তৃপক্ষের থেকে লিখিয়ে নিতে হবে নাহলে পরে কোনোরকম সমস্যা হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। Fees Card হারিয়ে গেলে ৫০/- টাকা জরিমানা দিয়ে নতুন Fees Card বানিয়ে নিতে হবে।

(৫) সেন্টার ঘোষিত ছুটির দিনগুলিতে সকল ক্লাস সম্পূর্ণ ভাবে বন্ধ থকবে এবং এর জন্য কোনো অতিরিক্ত ক্লাস দেওয়া হবে না। এছাড়া যদি অন্য কোনোদিন কোনো কারণে ক্লাস বন্ধ থাকে সেক্ষেত্রে সেই ক্লাস অন্যদিন করিয়ে দেওয়া হবে।

(৬) প্রয়োজনে অতিরিক্ত ক্লাস অবশ্যই দেওয়া হবে কিন্তু ছাত্র-ছাত্রী / অভিভাবকদের অনুরোধ করা হচ্ছে যে, তাঁরা যেন অকারণে বারবার অতিরিক্ত ক্লাসের / পরীক্ষার আগেরদিন অল্পসময়ের জন্য দেখিয়ে দেওয়ার অনুরোধ না করেন।

(৭) যদি কোনো ছাত্র / ছাত্রী Academic Session - এর মাঝে / Late Admission নেয় সেক্ষেত্রে সেন্টারে আগে পড়ানো অধ্যায় / বিষয়বস্তু সেই ছাত্র / ছাত্রী -কে করানোর / বোঝানোর দায়িত্ত কর্তৃপক্ষের নয়।

(৮) ক্লাস চলাকালীন পড়াশোনার পরিবেশ বজায় রাখতে হবে। কোনো ধরনের বিশৃঙ্খলা / অশালীন মন্তব্য / আচরণ / ইঙ্গিত / অন্য শিক্ষার্থীকে কটূক্তি / ব্যঙ্গ করা যাবে না। অন্যথায় কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা নিতে বাধ্য হবে।

(৯) কোনো ছাত্র / ছাত্রী সেন্টারের বাইরে কোনোরকম অপ্রিয় ঘটনায় সামিল হলে তার দায়ভার কোনোরকমভাবে সেন্টার কর্তৃপক্ষের নয় এবং সেন্টারকে কোনোভাবে সেই ব্যপারে জড়ানো চলবে না।

(১০) সেন্টারের কোনো কম্পিউটার / অন্যকোনো জিনিস কোনো ছাত্র / ছাত্রী নষ্ট করলে সেটার ক্ষতিপূরণ সেই ছাত্র / ছাত্রী / অভিভাবক কে বহন করতে হবে। ছাত্র-ছাত্রীদের নিজেদের জিনিস নিজের দায়িত্বে রাখতে হবে। কোনোকিছু হারিয়ে গেলে তার দায়ভার সেন্টার কর্তৃপক্ষের নয় এবং তার বিনিময়ে কোনোপ্রকার ক্ষতিপূরণ সেন্টার কর্তৃপক্ষ দিতে বাধ্য নয়।

1st April, 2025
Birati, Kolkata - 700051

A.D. COMPUTER TRAINING CENTER ★ Birati Kol-51